# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২৫৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৫১]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩১: (বিবাদমান) মানুষদের মধ্যে মীমাংসা (ও সন্ধি) করার গুরুত্ব

بَابُ الْإِصْلَاحِ بَيْنَ النَّاسِ ـ (31)

---

আরবী

وعن أَبي العباس سهلِ بنِ سعدٍ السَّاعِدِيِّ رضي اللَّهُ عنه ، أَن رسولَ اللَّه صَلّى اااللهُ عَلَيْهِ وسَلَّم بلَغهُأَنَّ بَني عَمْرِو بن عوْفٍ آان بيْنهُمْ شَرٌّ ، فَخَرَجَ رسولُ اللَّه صَلّى اااللهُ عَلَيْهِ وسَلَّم يُصلِحُ بَيْنَهمْ فِي أُنَاسٍ مَعَه، فَحُبِسَ رسول اللَّه صَلّى اااللهُ عَلَيْهِ وسَلَّم وَحَانَتِ الصَّلاَةُ ، فَجَاءَ بِلالٌ إِلَى أَبي بَكْرٍ رضي اللَّه عنهما فقال :يَا أَبَا بَكْرٍ إِنَّ رسولَ اللَّهِ صَلّى اااللهُ عَلَيْهِ وسَلَّم قَدْ حُبِسَ ، وَحَانَتِ الصَّلاةُ ، فَهَلْ لكَ أَنْ تَؤُمَّ النَّاس؟ قال : نَعَمْإِنْ شِئْتَ ، فَأَقَامَ بِلالٌ الصَّلاةَ ، وَتقَدَّمَ أَبُو بَكرٍ فَكَبَّرَ وآبَّرَ النَّاس، وَجَاءَ رسول اللَّه يمْشِي في الصُّفوفِ حتَّىقامَ في الصَّفِّ ، فَأَخَذَ النَّاسُ فِي التَّصْفِيقِ ، وآانَ أَبُو بَكْر رضي اللَّه عنه لا يَلْتَفِتُ فِي صلاتِهِ، فَلَمَّا أَآثَرَالنَّاسُ التَّصْفِيقَ الْتَفتَ ، فَإِذَا رسولُ اللَّه صَلّى اااللهُ عَلَيْهِ وسَلَّم ، فَأَشَار إِلَيْهِ رسول اللَّه صَلّى اااللهُ عَلَيْهِ وسَلَّم، فَرَفَعَ أَبُو بَكْر رضي اللَّه عنه يدَهُ فَحمِدَ اللَّه ، وَرَجَعَ القهقرى وَراءَهُ حَتَّى قَامَ فِي الصَّفِّ ، فَتَقَدَّمَ رسولاللَّه صَلّى اااللهُ عَلَيْهِ وسَلَّم ، فَصَلَّى للنَّاسِ ، فَلَمَّا فرغَ أَقْبلَ عَلَى النَّاسِ فقال : » أَيُّهَا النَّاسُ مالَكُمْ حِين نَابَكُمْشَيْءٌ في الصَّلاَةِ أَخذْتم فِي التَّصْفِيقِ ؟، إِنَّما التَّصْفِيقُ لِلنِّسَاءِ . منْ نَابُهُ شيءٌ فِي صلاتِهِ فَلْيَقلْ: سُبْحَانَ اللَّهِ؟ فَإِنَّهُ لا يَسْمعُهُ أَحدٌ حِينَ يَقُولُ : سُبْحانَ اللَّهِ ، إِلاَّ الْتَفتَ . يَا أَبَا بَكْرٍ : ما منعَك أَنْ تُصلِّيَ بِالنَّاسِ حِينَأَشرْتُ إِلَيْكَ ؟ « فقال أَبُو بكْر : مَا آَانَ ينبَغِي لابْنِ أَبي قُحافَةَ أَنْ يُصلِّيَ بِالنَّاسِ بَيْنَ يَدَيْ رسولِ اللَّه صَلّىاالله عَلَيْهِ وسَلَّم . متفقٌ عليه .معنى » حُبِس « : أَمْسكُوهُ لِيُضيِّفُوه .

বাংলা

৪/২৫৬। আবূল আব্বাস সাহ্ল ইবনু সা’দ সায়েদী রাদিয়াল্লাহু ’আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, ’আমর ইবনু ’আউফ গোত্রের কিছু লোকের মাঝে কিছু ঝগড়া-বিবাদ ছিল। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাথে কিছু লোককে নিয়ে তাদের মধ্যে আপোস-মীমাংসা করে দেওয়ার জন্য সেখানে হাজির হলেন। সেখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আটকে গেলেন। অপর দিকে নামাযের সময় হয়ে গেল। সুতরাং বিলাল রাদিয়াল্লাহু ’আনহু আবূ বকর রাদিয়াল্লাহু ’আনহু-এর নিকট এসে বললেন, ’রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আটকে গেছেন। এদিকে নামাযেরও সময় হয়ে গেছে। আপনি কি নামাযের লোকদের ইমামতি করবেন?’ তিনি বললেন, ’হ্যাঁ, তুমি যদি চাও।’

অতঃপর বিলাল রাদিয়াল্লাহু ’আনহু নামাযের ইকামত দিলেন এবং আবূ বকর রাদিয়াল্লাহু ’আনহু এগিয়ে গিয়ে (তাহরীমার) তকবীর বললেন এবং লোকেরাও তকবীর বলল। ইতোমধ্যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এলেন এবং কাতারগুলো অতিক্রম করে (প্রথম) কাতারে এসে দাঁড়ালেন। (তা দেখে) লোকেরা হাততালি দিতে শুরু করল। আবূ বকর রাদিয়াল্লাহু ’আনহু নামাযরত অবস্থায় কোনো দিকে তাকান না, কিন্তু লোকেদের অধিক মাত্রায় হাততালির কারণে তিনি তাকিয়ে দেখতে পেলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপস্থিত হয়েছেন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে হাতের ইশারায় (নিজের জায়গায় থাকতে) নির্দেশ দিলেন। আবূ বকর রাদিয়াল্লাহু ’আনহু তাঁর হাত উপরে তুলে আল্লাহর প্রশংসা করলেন। তারপর কিবলার দিকে মুখ রেখে পিছনে ফিরে এসে কাতারে শামিল হলেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সামনে গিয়ে লোকদের ইমামতি করলেন এবং নামায শেষ করে লোকদের দিকে ফিরে বললেন, ’’হে লোক সকল! কি ব্যাপার যে, নামায অবস্থায় কিছু ঘটতে দেখে তোমরা হাততালি দিতে শুরু করলে? (জেনে রেখো, নামাযে) হাততালি দেওয়া তো মহিলাদের কর্তব্য।

নামায অবস্থায় কারো কিছু ঘটলে সে যেন ’সুবহানাল্লাহ’ বলে। কারণ, এটা শুনলে কেউ তার দিকে ভ্রূক্ষেপ না করে পারবে না। হে আবূ বকর! তোমাকে যখন ইশারা করলাম, তখন ইমামতি করতে তোমার কিসের বাধা ছিল?’’ তিনি বললেন, ’আবূ কুহাফার ছেলের জন্য সঙ্গত ছিল না যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে লোকদের ইমামতি করবে।’ (বুখারী ও মুসলিম) [1]

## English

(31) Chapter: Making Peace among People

Sahl bin Sa'd As-Sa'idi (May Allah be pleased with him) reported:
There was some quarrel among the members of Banu 'Amr bin 'Auf. Messenger of Allah (ﷺ) went with some of his Companions to bring about peace between them and he was detained. The time for Salat approached and Bilal (May Allah be pleased with them) went to Abu Bakr (May Allah be pleased with him) and said to him: "Messenger of Allah (ﷺ) has got late and it is the time for Salat. Will you lead Salat?" He said: "Yes, if you desire". Bilal

(May Allah be pleased with him) proclaimed the Adhan and then pronounced Iqamah. Abu Bakr (May Allah be pleased with him) stepped forward and commenced As- Salat. (He recited Takbir and the people followed him). In the meantime, Messenger of Allah (ﷺ) arrived and, passing through the rows, took his stand in the first row. The people started clapping. It was the habit of Abu Bakr (May Allah be pleased with him) that whenever he started praying, he would never look round. He paid no heed (to the clapping). When the clapping increased, he turned round and saw Messenger of Allah (ﷺ). He (the Prophet (ﷺ)) beckoned him to continue performing Salat. But Abu Bakr (May Allah be pleased with him) raised his hands and praised Allah. Then he retreated, taking his steps backwards. When Messenger of Allah (ﷺ) saw that, he went ahead and led Salat. When he finished Salat, he faced the congregation and said, "Why do you clap when something happens during the Salat. Clapping is only for women. If something happens in the course of Salat you should say, Subhan Allah. It is bound to attract attention. And you, Abu Bakr, what prevented you from carrying on with Salat, after I beckoned to do so?" He said, "It was not becoming for the son of Abu Quhafah to lead Salat in the presence of Messenger of Allah (ﷺ)".

[Al-Bukhari and Muslim].

Commentary:
1. Banu `Amr bin `Auf was a big tribe of Aus which consisted of many families, they lived in Quba. A quarrel arose among them on some issue and they used stones and brickbats against each other. When the Prophet (PBUH) came to know about it, he personally went to them. The Hadith shows how important it is to bring about reconciliation amongst Muslims who are estranged from each other so that tension among them is not aggravated. If efforts are not made for reconciliation at the initial stages, the conflict will be escalated and then it will become difficult to resolve it.

2. Salat can be offered behind two Imam, one after the other.

3. In the course of Salat if Imam makes an error, his followers should bring it to his attentions by saying the words "Subhan Allah'' aloud. Women may clap only.

4. In case of need, it is permissible in Salat to turn one's face slightly, to look with glances and move a little onward or backward. Such an act does not constitute a defect which renders the prayer invalid.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৮৪, ১২০১, ১২০৪, ১২১৮, ১২৩৪, ২৬৯০, ২৬৯৩, ৭১৯০, মুসলিম ৪২১, নাসায়ী ৭৮৪, ৭৯৩, ১১৮৩, ৫৪১৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22594

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন